পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়
**ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়**
www.iau.edu.bd iau.exam@gmail.com
১২৪/৯০/৩ ব্লক-বি, সড়ক নং-০২, পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল স্নাতক (পাস) পরীক্ষা-২০২৪/২০২৫/৩৭৮ তারিখ: ১২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ / ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ

# বিজ্ঞপ্তি

## ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ এর অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ প্রসঙ্গে

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ উপলক্ষে নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ করা হবে।

| পরীক্ষার নাম | বিভাগ | বিতরণের তারিখ | বার | বিতরণের স্থান |
|---|---|---|---|---|
| ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ | চট্টগ্রাম ও সিলেট | ১৫/১০/২০২৫ খ্রি. | বুধবার | "পরীক্ষা ভবন" ভবন-২ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১ |
| | খুলনা ও বরিশাল | ১৬/১০/২০২৫ খ্রি. | বৃহস্পতিবার | |
| | রাজশাহী ও রংপুর | ১৮/১০/২০২৫ খ্রি. | শনিবার | |
| | ঢাকা ও ময়মনসিংহ | ১৯/১০/২০২৫ খ্রি. | রবিবার | |

অতএব, উল্লিখিত তারিখে পরীক্ষা কেন্দ্রের জন্য অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে গ্রহণ করার অনুরোধ করা হল। **প্রতিনিধির ক্ষেত্রে অবশ্যই ক্ষমতার্পণপত্র (Authorization) জমা দিতে হবে।**

বি.দ্র: সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য অধিভুক্ত মাদরাসাসমূহের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত বিধি-২০২৩ (সংশোধন-২০২৫) ধারা-৬ এর উপধারা-৬.১ অনুযায়ী (কপি সংযুক্ত) পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে ৩ (তিন) থেকে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট শিক্ষক (সহকারী অধ্যাপক/সমমান পদের নিচে নয়) সমন্বয়ে ১ (এক) টি পরীক্ষা পরিচালনা কমিটি গঠনের তালিকা অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল গ্রহণের সময় পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

উল্লেখ্য যে, অলিখিত উত্তরপত্র এবং আনুষঙ্গিক মালামাল নির্ধারিত তারিখেই বুঝে ও মিলিয়ে নেয়ার অনুরোধ করা হ'ল।

জরুরী প্রয়োজনে
ফাজিল স্নাতক (পাস) শাখা, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
জনাব এস, এম সাদেকুর রহমান, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-০১৯১৪ ৭৩০৭৬৫ (১ম বর্ষ)
জনাব আসাদুজ্জামান, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-০১৭২১ ২৫২৭১৯ (১ম বর্ষ)
জনাব মোঃ মুরাদ হোসেন, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-০১৯৭৭ ৭৭৭৪০৭ (২য় বর্ষ)
জনাব মোঃ মহিবুল্লাহ, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-০১৭২১ ১৬০৮১০ (৩য় বর্ষ)

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে
১২/১০/২৫
মোহাম্মদ আলী
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
ই-মেইল: iau.exam@gmail.com

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল স্নাতক (পাস) পরীক্ষা-২০২৪/২০২৫/৩৭৮(৭) তারিখ: ১২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ / ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর (প্রচারের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. পরিচালক (অর্থ ও হিসাব দপ্তর), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল পরীক্ষা কেন্দ্র), ফাজিল স্নাতক (পাস) পরীক্ষা-২০২৪ (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য);
৫. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. অফিস নথি।

১২.১০.২০২৫
মোঃ মুরাদ হোসেন
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ফাজিল স্নাতক (পাস) ২য় বর্ষ শাখা
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল: ০১৯৭৭ ৭৭৭৪০৭
ই-মেইল: iaumuradhs@gmail.com

৪.২. প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন

ক) পরীক্ষা কমিটি প্রশ্নপত্র মডারেশন করবেন।

খ) পরীক্ষা কমিটি সংশ্লিষ্ট প্রতিটি বিষয়ের জন্য ৩ (তিন) জন প্রশ্নপত্র প্রণেতা নির্ধারণ করবেন। অতঃপর কমিটির সভাপতি মডারেশনকৃত প্রশ্নপত্রের পান্ডুলিপি সিলগালা অবস্থায় পরীক্ষা নিয়ন্ত্রক-এর নিকট হস্তান্তর করবেন। কোনো অবস্থাতেই প্রশ্ন প্রণেতাগণ প্রশ্নপত্রের পান্ডুলিপি বা তার অংশবিশেষ নিজের নিকট সংরক্ষণ করতে পারবেন না। ৩ (তিন) সেট প্রশ্নপত্র মডারেশন করতে হবে এবং এর মধ্য হতে পরীক্ষার জন্য চূড়ান্তভাবে ১ (এক) সেট পান্ডুলিপি তৈরি করতে হবে।

গ) কোনো শিক্ষকের নিম্নবর্ণিত নিকট-আত্মীয় পরীক্ষায় অংশগ্রহণ করলে সেই শিক্ষক ঐ পরীক্ষা সংশ্লিষ্ট কোনো কাজে জড়িত থাকতে পারবে না। বিষয়টি তিনি পরীক্ষা কমিটিকে অবহিত করবেন।
নিকট আত্মীয়ের বিবরণঃ স্বামী/স্ত্রী, ভাই/বোন, পুত্র/কন্যা, জামাতা/পুত্রবধু/পিতা/মাতা/ভাই-বোনের স্বামী/স্ত্রী অথবা পুত্র/কন্যা, স্বামী-স্ত্রীর ভাই বা বোন। শিক্ষার্থীদের কোনো প্রকার সাজেশন দিতে পারবেন না।

ঘ) ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে পরীক্ষা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট বিষয়ের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করার জন্য পরীক্ষকগণের তালিকা প্রণয়ন করবেন।

ঙ) ফাজিল স্নাতক (অনার্স), কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব, কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ১ বছর মেয়াদি পর্যায়ের পরীক্ষার উত্তরপত্র পরীক্ষণের জন্য বিষয়ভিত্তিক ১ম ও ২য় পরীক্ষকের তালিকা থাকবে এবং ফাজিল স্নাতক (পাস) কোর্সের পরীক্ষণের জন্য বিষয়ভিত্তিক ১ (এক) জন পরীক্ষক থাকবে। প্রতি পরীক্ষককে ফাজিল (স্নাতক) পরীক্ষায় সর্বোচ্চ ৩০০ (তিনশত) উত্তরপত্র দেয়া যাবে। অনার্স, মাস্টার্স ও কামিল স্নাতকোত্তর পরীক্ষায় একজন পরীক্ষককে সর্বোচ্চ ২৫০টি উত্তরপত্র দেয়া যাবে।

চ) একক পরীক্ষক বিশিষ্ট পরীক্ষায় প্রতিটি বিষয়ের জন্য এক বা একাধিক প্রধান পরীক্ষক থাকবে। একজন প্রধান পরীক্ষকের আওতাধীন একাধিক পরীক্ষক নিয়োগ দেয়া যাবে। প্রধান পরীক্ষক তার আওতাধীন সকল পরীক্ষকের উত্তরপত্র নিরীক্ষণ করিয়ে OMR/নম্বরপত্রগুলো আইসিটি শাখা, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর বরাবর জমা দেবেন।

ছ) G.P.A/C.G.P.A পদ্ধতিতে পরীক্ষার ফলাফল তৈরি করা হবে।

(৫) পরীক্ষা পরিচালনায় জেলা প্রশাসকের দায়িত্ব ও কর্তব্য

ক) জেলা প্রশাসক নিজ নিজ জেলার পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের নিশ্চয়তা বিধান করবেন। জেলা প্রশাসক পরীক্ষা পরিচালনার সুবিধার্থে সংশ্লিষ্ট জেলা সদরের বাইরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রগুলোতে তার প্রতিনিধি হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তা/নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে পারবেন। উক্ত প্রতিনিধি পরীক্ষা কেন্দ্রে সার্বক্ষণিক সক্রিয় দায়িত্ব পালন করবেন।

খ) বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক বা তার মনোনীত প্রতিনিধি পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট হতে প্রশ্নপত্রের ট্রাংকসহ অন্যান্য মালামাল গ্রহণ করবেন এবং তা সংরক্ষণ করবেন।

গ) জেলা প্রশাসক তার জেলার সকল পরীক্ষা কেন্দ্রের প্রশ্নপত্রের জিম্মাদার হিসেবে দায়িত্ব পালন করবেন এবং পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখে সঠিক সময়ে প্রশ্নপত্র কেন্দ্রে পৌঁছানোর ব্যবস্থা করবেন।

ঘ) জেলা প্রশাসক তার জেলার সকল পরীক্ষা কেন্দ্রের আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করবেন।

(৬) পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য

৬.১ ভারপ্রাপ্ত কর্মকর্তা বলতে কেন্দ্রস্থ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষকে বুঝাবে। সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে ৩ (তিন) থেকে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট শিক্ষক (সহকারী অধ্যাপক/সমমান পদের নিচে নয়) সমন্বয়ে ১ (এক) টি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করতে হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে ও তত্ত্বাবধানে এ কমিটি বিধি মোতাবেক পরীক্ষা সম্পর্কিত যাবতীয় কাজ তদারকি ও সম্পাদন করবেন।